



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা
মানিলভারিং প্রতিরোধ সেল



dcamlco@krishibank.org.bd; Phone: 02-47120513

প্রকা/আরএমডি(৩০)/ডাটা/২০২১-২২/২৮২১৩

তাং ০২-০৫-২০২২

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০২। সকল আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
০৪। সকল শাখা ব্যবস্থাপক(আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষণ ও সংশোধন বিষয়ক অগ্রগতির হার পর্যবেক্ষণ প্রসংগে।

শিরোনামে বর্ণিত বিষয়ে ২৮/০২/২০২২ভিত্তিক গ্রাহকদের মৌলিক তথ্যাদি সম্বলিত অঞ্চলভিত্তিক হিসাব সংখ্যা এবং শতকরা হার (%) (কপি সংযুক্ত) এবং বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে গত ১৭/০২/২০২২ তারিখ হেড অব বিএফআইইউ মহোদয়ের সভাপতিত্বে রাষ্ট্রীয় মালিকানাধীন ০৬(ছয়) টি ব্যাংকের CAMLCO, DCAMLCO ও ইনফরমেশন টেকনোলজি বিভাগের প্রধানের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণকারী সকল ব্যাংককে যে সব নির্দেশনা প্রদান করা হয় তন্মধ্যে উল্লেখযোগ্য নির্দেশনাসমূহ হচ্ছে-

ক) সকল ব্যাংককে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে গ্রাহকের মৌলিক তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে তথ্যভান্ডার তৈরীর কাজ সম্পাদন করতে হবে।

খ) তথ্য ভান্ডার তৈরী বা সংশোধনের সময় গ্রাহক সংক্রান্ত কোন ধরনের ভুল বা মিথ্যা তথ্য (শুধুমাত্র কোন অক্ষর/সংখ্যা যেমন-a,b,c,x,y,z,1,2,3 প্রভৃতি ব্যবহার করে পিতা/মাতার নাম,ঠিকানা, এনআইডি নম্বর,মোবাইল নম্বর প্রভৃতি) প্রদান করা যাবে না।

০৩। অঞ্চলভিত্তিক গ্রাহকদের মৌলিক তথ্যাদি সম্বলিত ২৮/০২/২০২২ ভিত্তিক এর হিসাব সংখ্যা এবং শতকরা হার(%)পর্যালোচনা করে দেখা যায় অত্র ব্যাংকের সিবিএস (CBS) এ সংরক্ষিত ৭ টি মৌলিক তথ্য সম্বলিত গ্রাহক সংখ্যার হার মাত্র ৬.০১% এবং ৬ টি মৌলিক তথ্য সম্বলিত গ্রাহক সংখ্যার হার ১৯.৪৬ %। বর্তমান অবস্থায় প্রেক্ষিতে মৌলিক তথ্যাদি সম্বলিত গ্রাহক সংখ্যার অগ্রগতির এ হার সন্তোষজনক নয়।এমতাবস্থায় নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে গ্রাহকের মৌলিক তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনক্রমে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা যাচ্ছে-

৩.১. দশ টাকার হিসাব / No frill account /সামাজিক দায়বদ্ধতার অর্ন্তভুক্ত হিসাবসমূহের ক্ষেত্রে সকল পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তি সাপেক্ষে গ্রাহকের মৌলিক তথ্যাদি পূরণ করতে হবে। কোন অবস্থায়ই ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা যাবে না। অগ্রাধিকার ভিত্তিতে প্রথমে সচল হিসাবসমূহের মৌলিক তথ্যাদি সংরক্ষণের কাজ সম্পাদন করতে হবে।

৩.২. বিআরপিডি সার্কুলার নং-২৩ ,তাং-২৮/১২/২০২১ এ উল্লেখিত ইনঅপারেটিভ ও ডরমেন্ট হিসাবের ক্ষেত্রে আরোপিত নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩.৩. ঋণ হিসাবের ক্ষেত্রে গ্রাহকের মৌলিক তথ্যাদি সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।

০৪। মানিলভারিং প্রতিরোধ আইন ২০১২ এর ২৫ ধারা অনুযায়ী গ্রাহক সংক্রান্ত ভুল বা মিথ্যা তথ্য প্রদান একটি দণ্ডনীয় অপরাধ বিধায় তথ্য ভান্ডার তৈরী বা সংশোধনের সময় গ্রাহক সংক্রান্ত কোন ধরনের ভুল বা মিথ্যা তথ্য (শুধুমাত্র কোন অক্ষর/সংখ্যা যেমন-a,b,c,x,y,z,1,2,3 প্রভৃতি ব্যবহার করে পিতা/মাতার নাম,ঠিকানা এনআইডি নম্বর,মোবাইল নম্বর প্রভৃতি) প্রদান থেকে বিরত থাকার জন্য কঠোর নির্দেশনা প্রদান করা যাচ্ছে। উল্লেখ্য যেসব শাখা ইতোপূর্বে এ ধরনের ভুল বা মিথ্যা তথ্য সিবিএস অর্ন্তভুক্ত করেছেন অতিসত্ত্বর তাদেরকে সঠিক তথ্য অর্ন্তভুক্ত করার জন্য জরুরী নির্দেশনা প্রদান করা যাচ্ছে। অন্যথায় ভবিষ্যতে এ ধরনের ভুল বা মিথ্যা তথ্য প্রদানের জন্য মানিলভারিং প্রতিরোধ আইন ২০১২ এর ২৫ ধারা অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত যেকোন জরিমানা/শাস্তির দায় সংশ্লিষ্ট অঞ্চল প্রধান/শাখা ব্যবস্থাপক/নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে।

০৫। এমতাবস্থায়, নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস এ অর্ন্তভুক্তকরনসহ মৌলিক তথ্য সংরক্ষণ/সংশোধনের সময় গ্রাহক সংক্রান্ত কোন ধরনের ভুল বা মিথ্যা তথ্য যাতে ব্যাংকের সিবিএস এ অর্ন্তভুক্ত না করা হয় সে বিষয়ে সকল আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকগণ কর্তৃক যথোপযুক্ত মনিটরিং ব্যবস্থা প্রচলিত রাখা এবং এ ব্যাপারে প্রতিটি শাখার শাখা ব্যবস্থাপকদের মনিটরিং এর দায়িত্বে রাখারও নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০৬। বিষয়টি অতীব জরুরী।

০২/০৫/২০২২

(চানু গোপাল ঘোষ)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

ও

প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।

(মোঃ আব্দুল হোসেন)
উপমহাব্যবস্থাপক
ও

উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

No-Frills Account Type

Atype Code	glhead
0313	Farmer Savings Account
0314	Matikata Savings Account
0340	Krishan Krishani Deposit Scheme
0316	Bidhoba Bhata Savings Account
0317	Protibondhi Bhata Savings Account
0318	Muktijoddha Bhata Savings Account
0315	Bayaska Bhata Savings Account
0322	Savings Deposit (Ayla)
0323	Savings Deposit (VGD 10TK)
0319	Matri Pitri Hin Shisu Bhata
0321	Matritto Bhata (DSF)